



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

নং- ঢাশিবো/বি/৬/আএন্ডআ/

তারিখ :

বিষয় : বিদ্যালয়ের সহকারী শিক্ষক (বরখাস্তকৃত) জনাব এস.এম. আফজাল হোসেন-কে স্বপদে পুনর্বহাল প্রসঙ্গে।

সূত্র : (১) অধ্যক্ষ, মিরপুর বাংলা উচ্চমাধ্যমিক বিদ্যালয় কর্তৃক জনাব এস.এম. আফজাল হোসেন-এর বিরুদ্ধে আনীত অভিযোগনামাসহ আপীল এন্ড আরবিট্রেশন কমিটিতে আবেদন।
(২) বোর্ডের ২০/১১/২০১৯ তারিখের আপীল এন্ড আরবিট্রেশন কমিটির সিদ্ধান্ত।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে বিদ্যালয়ের সহকারী শিক্ষক (বরখাস্তকৃত) জনাব এস.এম. আফজাল হোসেন-কে চূড়ান্ত বরখাস্তের স্বপক্ষে আনীত অভিযোগনামা- শিক্ষার্থীদের শাস্তি প্রদান (মন্ত্রণালয়ের নির্দেশ উপেক্ষা করে), চাকুরীর অসদাচরণ, প্রশাসন বিরোধী কর্মকাণ্ড পরিচালনা, বদমেজাজী এবং পাঠদানে অমনোযোগী ইত্যাদি অভিযোগে চূড়ান্ত বরখাস্ত করা হয়েছে। উক্ত অভিযোগ এবং দাখিলকৃত প্রামাণ্য পত্রাদি যথাযথ না হওয়ায় বিস্তারিত পর্যালোচনার পর আপীল এন্ড আরবিট্রেশন কমিটি ম্যানেজিং কমিটি কর্তৃক চূড়ান্ত বরখাস্তের বিষয়টি অনুমোদন করেনি।

২। এমতাবস্থায়, বোর্ডের আপীল এন্ড আরবিট্রেশন কমিটির সিদ্ধান্ত মোতাবেক বিদ্যালয়ের সহকারী শিক্ষক (বরখাস্তকৃত) জনাব এস.এম. আফজাল হোসেন-কে স্বপদে পুনর্বহাল করা হলো এবং পত্র ইস্যুর তারিখ হতে ১৫ (পনের) দিনের মধ্যে প্রাপ্য বকেয়া পরিশোধ করে বোর্ডকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে

স্বাঃ

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ঢাকা

প্রাপক : সভাপতি, গভর্নিংবডি

মিরপুর বাংলা উচ্চমাধ্যমিক বিদ্যালয়
পল্লবী, মিরপুর, ঢাকা।

মেমো নং- ১১২৭ (২)

তারিখ : ২০/১১/১৯

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ২। মহাপরিচালক, ব্যানবেইস, নীলক্ষেত, ঢাকা।
- ৩। জেলা প্রশাসক, ঢাকা।
- ৪। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা।
- ৫। জেলা শিক্ষা অফিসার, ঢাকা।
- ৬। অধ্যক্ষ, মিরপুর বাংলা উচ্চমাধ্যমিক বিদ্যালয়।
- ৭। এস.এম. আফজাল হোসেন, সহকারী শিক্ষক (বরখাস্তকৃত), মিরপুর বাংলা উচ্চমাধ্যমিক বিদ্যালয়।
- ৮। পি.এস.-টু চেয়ারম্যান (চেয়ারম্যান মহোদয়ের অবগতির জন্য), মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ৯। অফিস কপি।

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ঢাকা

২০১৯/১১/২০